দৈনিক ইত্তেফাক

তারিখ -07 NOV
পৃষ্ঠা 2 কলাম 7

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

203 .

## স্কুল দুইটি সংস্কার হইবে কি ?

বাগেরহাট জেলার মোরেলগঞ্জ উপজেলাধীন সিংজোর চণ্ডিপুর বহুমুখী উচ্চ বিদ্যালয় ও সিংজোর চণ্ডিপুর প্রাথমিক বিদ্যালয় এই শিক্ষা প্রতিষ্ঠান দুইটি অত্র উপজেলার মধ্যে ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান। ইহা অত্যন্ত পরিতাপের বিষয় যে, বিগত চার বছর পূর্বে সিংজোর চণ্ডিপুর প্রাথমিক বিদ্যালয়ের ছাদ সম্পূর্ণভাবে ভাঙ্গিয়া যায়। যাহা সংশ্লিষ্ট বিভাগ অবগত আছেন। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, উক্ত প্রাথমিক বিদ্যালয়টি বহুমুখী উচ্চ বিদ্যালয় সংলগ্ন, ফলে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্ররা সকাল থেকে ১০-৩০ মিনিট পর্যন্ত উক্ত উচ্চ বিদ্যালয়ের পূর্ব পার্শ্বে যে টিনের ঘরটি—যাহার দৈর্ঘ্য ৫০ হাত এবং প্রস্থ ১৩ হাত—সেখানে ক্লাস করিত। গত ১৯-১০-৮৮ইং তারিখে ঘূর্ণিঝড় উক্ত টিনের ঘরের উভয় অংশের টিন উড়াইয়া লইয়া যায় এবং সম্পূর্ণ ঘরটি কাত হইয়া মাটিতে পড়িয়া যায়। ফলে প্রাথমিক ও উচ্চ বিদ্যালয়ের ছাত্ররা যেখানে পালা ওয়ারী ক্লাস করিত, সেখানে বর্তমানে ক্লাস করা কষ্টকর হইয়া পড়িয়াছে। প্রাথমিক বিদ্যালয়টি মেরামতের ব্যাপারে সংশ্লিষ্ট ফ্যাসিলিটিস বিভাগকে যথাযথ মাধ্যমে অবহিত করিয়াও কোন প্রতিকার হইতেছে না। প্রতিষ্ঠানটির জরুরী মেরামতের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—এলাকাবাসীর পক্ষে গাজী নজরুল ইসলাম সেলিম, গ্রাম-চণ্ডিপুর, মোরেলগঞ্জ, বাগেরহাট।